


পল্লীমা

পল্লী আবাসন ঋণ কর্মসূচী (Rural Housing Loan Scheme)



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

Bangladesh House Building Finance Corporation

গৃহায়নের দিগন্তে ঐতিহ্যের স্মারক

২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০। ফোন : ০২-২২৩৩৮১৮২৬

হেল্প লাইনঃ ০২-২২৩৩৮১৩৮০, ০১৫৫০০৪৩৩০৫-৬

Website: www.bhbfc.gov.bd, E-mail: info@bhbfc.gov.bd

আবাসিক বাড়ী নির্মাণ অর্থায়নের লক্ষ্যে ১৯৫২ সাল হতে হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ঋণ প্রদান করে আসছে। বিএইচবিএফসি দেশের বিভাগীয় শহর, জেলা শহর ও উপজেলা সদর এবং গ্রোথ সেন্টারে ঋণ কার্যক্রম অব্যাহত রয়েছে। কিন্তু পল্লী জনগোষ্ঠীর জন্য গ্রামীণ/পল্লী এলাকায় আবাসনের ঋণ কার্যক্রম নেই। সম্প্রতি সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর ধারাবাহিকতায় বিশেষকরে রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে পল্লী অঞ্চলের জনসাধারণের আবাসন সুবিধা নিশ্চিত কল্পে “পল্লী আবাসন ঋণ কর্মসূচী” চালু করা হয়েছে :

১.০১ ঋণের প্রকারভেদঃ

- (ক) বাড়ী নির্মাণের জন্য একক ঋণ;
- (খ) বাড়ী নির্মাণের জন্য গুপ ভিত্তিক ঋণ; এবং
- (গ) ফ্ল্যাট ঋণ।

২.০১ ঋণের আবেদনকারীঃ

ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাবাদে দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এলাকা এবং উপ-শহর (পেরি আরবান), উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার এলাকার নাগরিকগণ।

৩.০১ ঋণ প্রাপ্তির যোগ্যতা :

- ৩.১। বয়সসীমা ১৮ বছর বা তদূর্ধ্ব হতে হবে এবং ঋণ আবেদনকারীর বয়স ৬৫ বছরের বেশী হলে উপযুক্ত জামিনদার নিয়োগ করতে হবে ;
- ৩.২। ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকাবাদে দেশের সকল বিভাগীয় ও জেলা সদর এবং উপ-শহর (পেরি আরবান) ও উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার এলাকায় ন্যূনতম একখন্ড জমির মালিক হতে হবে;
- ৩.৩। গুপে আবাসিক ভবন নির্মাণে আগ্রহী হলে;
- ৩.৪। সরকারি চাকুরীজীবী এবং কর্মজীবী মহিলাগণ আবাসন তৈরীর ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন;
- ৩.৫। মাসিক কিস্তি পরিশোধের যৌক্তিক সামর্থ্য থাকতে হবে;
- ৩.৬। সরকারি প্রতিষ্ঠানের লীজপ্রাপ্ত জমির ক্ষেত্রে আম-মোক্তারনামা লীজ দাতা কর্তৃক গৃহীত হতে হবে;
- ৩.৭। পরিত্যক্ত সম্পত্তি, দলিল হারানো, পুড়ে যাওয়া, বিনষ্ট হওয়া এবং সাব-রেজিস্ট্রি অফিস থেকে উত্তোলন না করার কারণে ধ্বংস করা ইত্যাদি ক্ষেত্রে ঋণ আবেদন বিবেচনা যোগ্য হবে না ;
- ৩.৮। বাংলাদেশের যে কোন তফসিলভুক্ত ব্যাংকে ঋণ আবেদনকারীর সঞ্চয়ী হিসাব থাকতে হবে। উক্ত হিসাবের মাধ্যমে সরাসরি ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গ্রহণ করা হবে।

৪.০১ দাখিলতব্য দলিল ও কাগজপত্রের তালিকাঃ

৪.১। প্রাইভেট প্লটের ক্ষেত্রেঃ

- (ক) জমির মূল মালিকানা দলিল, বায়া দলিল;
- (খ) সি.এস, এস.এ, আর.এস ও বি.এস খতিয়ানের জাবেদা নকল;
- (গ) ডি.সি.আর, খাজনা রশিদ ও নামজারী খতিয়ান;
- (ঘ) জেলা/সাব রেজিস্ট্রি অফিস কর্তৃক ইস্যুকৃত ১২ (বার) বছরের নির্দায় সনদ (এন.ই.সি)।

৪.২। সরকারী প্লটের ক্ষেত্রেঃ

- (ক) প্লটের মূল বরাদ্দ পত্র;
- (খ) দখলহস্তান্তর পত্র;
- (গ) মূল লীজ দলিল ও বায়া দলিল (প্রযোজ্য ক্ষেত্রে);
- (ঘ) লীজ দাতা প্রতিষ্ঠান হতে বন্ধক অনুমতি পত্র;
- (ঙ) মূল এলোটর কাছ থেকে হস্তান্তর মূলে মালিক হলে মূল মালিকানা দলিল এবং বরাদ্দকারী কর্তৃপক্ষের অফিস হতে হস্তান্তর অনুমতি ও নামজারীর কাগজপত্র।

চলমান পাতা-২

৪.৩। গ্রুপ ঋণের ক্ষেত্রেঃ

উপরোল্লিখিত কাগজপত্র ছাড়াও রেজিস্ট্রার্ড ফ্ল্যাট বন্টননামা দলিল।

৪.৪। অন্যান্য কাগজপত্রঃ

- (ক) আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, সত্যায়িত ছবি ও স্বাক্ষর;
- (খ) আবেদনকারীর আয়ের প্রমাণপত্র। চাকুরীর ক্ষেত্রে ঋণ আবেদন ফরমের নির্দিষ্ট পাতায় বেতন সনদ এবং ব্যবসার ক্ষেত্রে ট্রেড লাইসেন্স ও আয় সম্পর্কে হলফনামা। আয়কর পরিশোধযোগ্য আয় হলে ই-টিআইএন নম্বরসহ আয়ের পরিমাণ উল্লেখ করত: আয়কর প্রত্যয়ন পত্র ;
- (গ) কর্পোরেশন কর্তৃক নির্ধারিত আবেদন ফি এবং পরিদর্শন ফি জমা প্রদানের রশিদ (বর্তমানে আবেদন ফি এবং পরিদর্শন ফি প্রতি হাজারে ৩/- টাকা হারে + সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাটসহ) দাখিল করতে হবে। ফরমাল ঋণ আবেদন পত্রের মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা।

৪.৫। প্রকৌশল সংক্রান্ত কাগজপত্রঃ

- (ক) অনুমোদন পত্রসহ অনুমোদিত নকশা;
- (খ) প্লটের সয়েল টেষ্ট রিপোর্ট;
- (গ) ইমারতের কাঠামো নকশা, ভারবহন সনদ ও সুপারভিশন সনদ।

৫.০। বাড়ী নির্মাণের জন্য আওতাধীন এলাকা, ঋণের ধরণ, সুদ হার, সিলিং ও ইকুইটি নিম্নরূপ :

৫.১। বাড়ী নির্মাণের জন্য একক ও গ্রুপ ঋণ :

আওতাধীন এলাকা	ঋণের ধরণ	সুদ হার	সিলিং (লক্ষ টাকায়)	ইকুইটি
১। খুলনা ও রাজশাহী সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকা	একক	৮.০০%	১২০.০০	৮০:২০
	গ্রুপ		৬০.০০	
২। ঢাকা ও চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা এবং খুলনা ও রাজশাহী সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকা বাদে সকল সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকা, বিভাগীয় সদর এবং টঞ্জী, আশুলিয়া ও সাভার পৌরসভা এবং ক্যান্টনমেন্ট এর আওতাধীন এলাকা	একক		১০০.০০	
	গ্রুপ		৬০.০০	
৩। দেশের সকল জেলা সদর এলাকা	একক		৮০.০০	
	গ্রুপ		৫০.০০	
৪। পেরি আরবান ও উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার এলাকা	একক		৫০.০০	
	গ্রুপ		৪০.০০	

৫.২। পরিশোধ মেয়াদ : ৫, ১০, ১৫ ও ২০ বছর।

৫.৩। ঋণ পরিশোধ : EMI পদ্ধতিতে মাসিক কিস্তি পরিশোধযোগ্য।

৬.০১ কিস্তি নির্ধারণ পদ্ধতিঃ

- ৬.১। ঋণের শেষ কিস্তি গ্রহণের পরবর্তী ২য় মাসের ১লা তারিখ হতে কিস্তি পরিশোধ শুরু হবে।
- ৬.২। ১ম কিস্তির চেক প্রদানের সময় ঋণ গ্রহিতা কর্তৃক কর্পোরেশনের নামে ১টি পোস্ট-ডেটেড (post-dated) ক্রস চেক বা অগ্রিম মাসিক কিস্তির চেক জমা দিতে হবে।
- ৬.৩। এমরটাইজেশন (Amortization) পদ্ধতিতে মাসিক কিস্তি নির্ধারণ হবে। উক্ত পদ্ধতিতে প্রতি লক্ষ টাকায় সুদের হার ও মেয়াদ ভিত্তিক ঋণের মাসিক কিস্তির পরিমাণ নিম্নরূপ:

পরিশোধ মেয়াদ	৮.০০% সুদে মাসিক কিস্তির পরিমাণ
২০ বছর	৮৩৭.০০ টাকা
১৫ বছর	৯৫৬.০০ টাকা
১০ বছর	১২১৪.০০ টাকা
৫ বছর	২০২৮.০০ টাকা

৬.৪। ঋণের ২য় কিস্তি থেকে পরবর্তী কিস্তিসমূহ বিতরণের সময় Pre-EMI সুদ পরিশোধযোগ্য।

- ➡ **বি: দ্র:** বিস্তারিত তথ্যের জন্য নিকটস্থ অফিসে যোগাযোগ করুন অথবা বিএইচবিএফসি'র Web Site (www.bhbfc.gov.bd)-এ সার্চ করুন।